# বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়

গোপালগঞ্জ-৮১০০

## ভর্তি বিজ্ঞপ্তি

বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, গোপালগঞ্জ-এ ২০১৪-২০১৫ শিক্ষাবর্ষে স্নাতক শ্রেণীতে ১ম বর্ষ ১ম সেমিস্টার ভর্তির জন্য আবেদন আহ্বান করা হচ্ছে। আবেদনকারীকে অত্র বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট www.bsmrstu.edu.bd -এ প্রচারিত নিয়মাবলী অনুসারে মোবাইল অপারেটর টেলিটকে SMS করে সংশ্লিষ্ট ইউনিটে আবেদন করতে হবে।

আগামী ০১/০৯/২০১৪ তারিখঃ রাত ১২ঃ০১ মিনিট থেকে ৩১/১০/২০১৪ তারিখ রাত ১২ঃ০০টা পর্যন্ত আবেদন করা যাবে।

১। ভর্তির আবেদনের যোগ্যতাঃ

(ক) ২০১০, ২০১১ ও ২০১২ সালের এসএসসি/সমমান, ২০১৩ ও ২০১৪ সালের এইচএসসি/সমমান এবং O-লেভেল এবং A-লেভেল উত্তীর্ণ ছাত্র-ছাত্রীরা ভর্তি পরীক্ষার জন্য আবেদন করতে পারবে।

(খ) বিজ্ঞান শাখা থেকে উত্তীর্ণ ছাত্র-ছাত্রীদের এসএসসি/সমমান ও এইচএসসি/সমমান উভয় পরীক্ষায় চতুর্থ বিষয়সহ ন্যূনতম জিপিএ ৩.০০ সহ মোট জিপিএ ৭.০০ পেতে হবে।

(গ) মানবিক ও বাণিজ্য শাখা থেকে উত্তীর্ণ ছাত্র-ছাত্রীদের এসএসসি/সমমান ও এইচএসসি/সমমান উভয় পরীক্ষায় চতুর্থ বিষয়সহ ন্যূনতম জিপিএ ৩.০০ সহ মোট জিপিএ ৬.৫০ পেতে হবে।

(ঘ) O-লেভেল ও A-লেভেল উত্তীর্ণ ছাত্র-ছাত্রীদের O-লেভেলে ৫টি বিষয়ে ও A-লেভেলে ২টি বিষয়ে ন্যূনতম B গ্রেড পেতে হবে।

(ঙ) ভর্তি পরীক্ষা ইউনিট পদ্ধতিতে অনুষ্ঠিত হবে। আবেদনকারী যে ইউনিটেই আবেদন করুক না কেন, সে যে শাখা থেকে এইচএসসি/সমমান পরীক্ষায় উত্তীর্ণ হয়েছে সে শাখার জন্য নির্ধারিত যোগ্যতা প্রযোজ্য হবে।

২। ভর্তি পরীক্ষার ইউনিটগুলো হলো A, B, C, D, E ও F ইউনিট। ইউনিটভুক্ত বিভাগ, প্রতি বিভাগে আসন বন্টন ও ভর্তি ফি নিচে দেখানো হলোঃ

| ইউনিটের নাম | ইউনিটভুক্ত বিষয়সমূহ | আসনবন্টন (কোটা ব্যতীত) বিজ্ঞান শাখা | মানবিক শাখা | বাণিজ্য শাখা | ভর্তি পরীক্ষার নম্বর বন্টন (মোট নম্বর ৯০) | ফি (সার্ভিস চার্জসহ) |
|---|---|---|---|---|---|---|
| A | ১. কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং | ৫০ | - | - | পদার্থ-৩০, গণিত-৩০ রসায়ন-১৫, ইংরেজি-১৫ | ৪০০/- |
| | ২. ফলিত পদার্থবিজ্ঞান, ইলেক্ট্রনিক্স ও কমিউনিকেশন ইঞ্জিনিয়ারিং | ৫০ | - | - | | |
| | ৩. ইলেক্ট্রিক্যাল ও ইলেক্ট্রনিক ইঞ্জিনিয়ারিং | ৪০ | - | - | | |
| B | ১. গণিত | ৬০ | - | - | পদার্থ-২০, গণিত-৩০ রসায়ন-৩০, ইংরেজি-১০ | ৪০০/- |
| | ২. এ্যানালাইটিক্যাল এন্ড এনভায়রনমেন্টাল কেমিস্ট্রি | ৪০ | - | - | | |
| | ৩. পরিসংখ্যান | ৫০ | - | - | | |
| C | ১. ফার্মেসি | ৪০ | - | - | রসায়ন-৫০, জীব বিজ্ঞান-২৫, ইংরেজি-১৫ | ৪০০/- |
| D | ১. ইংরেজি<br>২. বাংলা | ১০ | ৩৪ | ৬ | বাংলা-৪০, ইংরেজি-৪০, সাধারণ জ্ঞান-১০ | ৪০০/- |
| E | ১. সমাজবিজ্ঞান | ৫০ (সম্মিলিত তালিকা) | | | বাংলা-৩০, ইংরেজি-৩০, সাধারণ জ্ঞান-৩০ | ৪০০/- |
| | ২. লোক প্রশাসন | | | | | |
| | ৩. অর্থনীতি | ২০ | ২০ | ১০ | | |
| F | ১. ব্যবস্থাপনা<br>২. একাউন্টিং এন্ড ইনফরমেশন সিস্টেমস | ১৩ | ৪ | ৩৩ | বাণিজ্য শাখার জন্য: ইংরেজি-২৫, বাংলা-১৫, হিসাববিজ্ঞান-২৫, ব্যবসায় নীতি-২৫<br>অন্যান্য শাখার জন্য: বাংলা-৩০, ইংরেজি-৪০ সাধারণ জ্ঞান-২০ | ৪০০/- |

**বিশেষ দ্রষ্টব্যঃ** (ক) প্রতি বিভাগে মুক্তিযোদ্ধা কোটায় ৩ (তিন) জন, প্রতিবন্ধী কোটায় ০১ (এক) জন এবং উপজাতি কোটায় ০১ (এক) জন করে ছাত্র ভর্তি করা হবে। কোটাসমূহ মূল আসনের অতিরিক্ত। তবে যে সমস্ত বিভাগে আসন সংখ্যা ৪০ (চল্লিশ) সে সমস্ত বিভাগে মুক্তিযোদ্ধা কোটায় ২ (দুই) জন ছাত্র ভর্তি করা হবে।

(খ) অর্থনীতি বিভাগে ভর্তিচ্ছুদের এইচএসসিতে অর্থনীতি/গণিত/পরিসংখ্যানে গ্রেড পয়েন্ট ন্যূনতম ৩.০ থাকতে হবে।

(গ) D-ইউনিটভুক্ত ইংরেজি বিভাগে ভর্তি হতে চাইলে ভর্তি পরীক্ষায় ইংরেজি বিষয়ে কমপক্ষে ১৬ এবং বাংলায় ভর্তি হতে চাইলে ভর্তি পরীক্ষায় বাংলা বিষয়ে কমপক্ষে ১৬ নম্বর পেতে হবে।

(ঘ) ভর্তি পরীক্ষায় মোট নম্বর ৯০ এবং পাস নম্বর ৩৬। এছাড়া SSC ও HSC পরীক্ষার ফলাফলের উপর ৫+৫= ১০ নম্বর থাকবে।

(ঙ) প্রত্যেক ইউনিটের পরীক্ষায় সর্বমোট ৭২টি প্রশ্ন থাকবে। প্রতিটি প্রশ্নের মান ১.২৫। প্রতিটি ভুল উত্তরের জন্য ০.৩০ নম্বর কাটা যাবে।

৩। ভর্তি পরীক্ষার তারিখ ও সময়ঃ

| তারিখ ও বার | সময় ও ইউনিট | | |
|---|---|---|---|
| ২১/১১/২০১৪ শুক্রবার | সকাল ১০:০০টা-১১.০০টা (A-ইউনিট) | দুপুর ১২.০০টা-০১.০০টা (B-ইউনিট) | দুপুর ৩.০০টা-০৪.০০টা (C-ইউনিট) |
| ২২/১১/২০১৪ শনিবার | সকাল ১০.০০টা-১১.০০টা (D-ইউনিট) | দুপুর ১২.০০টা-০১.০০টা (E-ইউনিট) | দুপুর ৩.০০টা-৪.০০টা (F-ইউনিট) |

৪। **ভর্তি পরীক্ষার আবেদন প্রক্রিয়াঃ** কোন ফরম পূরণ না করে **০১.০৯.২০১৪ রাত ১২:০১মি. থেকে ৩১.১০.২০১৪ রাত ১২:০০** পর্যন্ত SMS এর মাধ্যমে BSMRSTU-এ ভর্তি পরীক্ষার আবেদন করতে হবে। ভর্তি পরীক্ষায় আবেদনের জন্য একটি টেলিটক প্রিপেইড মোবাইল ফোন থেকে 16222 নম্বরে SMS করতে হবে। তবে ভর্তি সংক্রান্ত অন্যান্য তথ্য যে কোন মোবাইল ফোনের মাধ্যমে 16222 নম্বরে SMS করে জানা যাবে। মোবাইল ফোনের মাধ্যমে ভর্তির আবেদন প্রক্রিয়া নিচে দেয়া হলোঃ

(ক) একটি টেলিটক প্রিপেইড মোবাইল ফোনের মাধ্যমে মেসেজ অপশনে গিয়ে BSMRSTU লিখে, স্পেস দিয়ে এইচএসসি শিক্ষা বোর্ডের নামের প্রথম তিনটি অক্ষর লিখে, স্পেস দিয়ে এইচএসসি পরীক্ষার রোল নম্বর লিখে, স্পেস দিয়ে এইচএসসি পাসের সাল, স্পেস দিয়ে এসএসসি শিক্ষা বোর্ডের নামের প্রথম তিনটি অক্ষর লিখে, স্পেস দিয়ে এসএসসি পরীক্ষার রোল নম্বর লিখে, স্পেস দিয়ে এসএসসি পাসের সাল লিখে স্পেস দিয়ে কাঙ্খিত ইউনিটের কোড লিখে 16222 নম্বরে SMS করতে হবে।

উদাহরণঃ BSMRSTU DHA 123456 2014 DHA 123456 2012 A। উদাহরণটি ঢাকা বোর্ডের

এবং BSMRSTU, A ইউনিটের জন্য।

এখানে 123456 এর জায়গায় আবেদনকারীর নিজের এইচএসসি পরীক্ষার রোল নম্বর দিতে হবে। কেউ 2013 সালে এইচএসসি পাস করে থাকলে 2014 এর জায়গায় 2013 লিখতে হবে। অন্যান্য বোর্ডের জন্য DHA এর জায়গায় যথাক্রমে রাজশাহী - RAJ, সিলেট - SYL, বরিশাল - BAR, চট্টগ্রাম - CHI, কুমিল্লা - COM, দিনাজপুর - DIN, যশোর- JES, মাদ্রাসা - MAD লিখতে হবে।

(খ) কারিগরি বোর্ডের ক্ষেত্রে বোর্ডের নামের জায়গায় ডিপ্লোমা-ইন-কমার্স এর জন্য DIC, বিজনেস ম্যানেজমেন্ট এর জন্য HBM এবং অন্যান্যদের জন্য VOC লিখে উপরের নিয়ম অনুযায়ী 16222 নম্বরে SMS করতে হবে।

(গ) A-এবং 0-লেভেলের ক্ষেত্রে আবেদনকারীকে প্রথমে বিশ্ববিদ্যালয়ের ভর্তি পরীক্ষার ওয়েবসাইটে www.bsmrstu.edu.bd রেজিস্ট্রেশন করে একটি কোড নম্বর নিতে হবে। তারপর উপরের নিয়ম অনুযায়ী 16222 নম্বরে SMS করতে হবে। এক্ষেত্রে বোর্ডের নামের জায়গায় GCE লিখতে হবে। উদাহরণঃ BSMRSTU GCE CODE NO. 2013 A

(ঘ) উপরের এসএমএসটি পাঠানোর পর সকল তথ্য সঠিক হলে ফিরতি এসএমএস এ আবেদনকারীর নাম, ভর্তির ফি ও একটি PIN জানিয়ে সম্মতি চাওয়া হবে। তখন 16222 নম্বরে আরেকটি SMS পাঠিয়ে সম্মতি জানাতে হবে। সম্মতি জানানোর জন্য প্রথমে BSMRSTU লিখে, স্পেস দিয়ে YES লিখে, স্পেস দিয়ে PIN লিখে, স্পেস দিয়ে আবেদনকারীর যোগাযোগের জন্যে নিজের ব্যবহৃত (যে কোন অপারেটর এর) একটি মোবাইল নম্বর লিখে 16222 নম্বরে SMS করতে হবে।

উদাহরণঃ BSMRSTU YES 65432101 XXXXXXXXX এখানে 654321 এর জায়গায় আবেদনকারীর নিজ PINটি বসাতে হবে। উল্লেখ্য যে, সম্মতি জানিয়ে এসএমএস পাঠালেই কেবল আবেদনকারীর মোবাইল ফোন থেকে ভর্তি পরীক্ষার ফি কেটে নেয়া হবে, অন্যথায় কোন ফি কাটা হবে না।

(ঙ) আবেদনকারীর মোবাইলে পর্যাপ্ত পরিমাণ টাকা থাকলে তা থেকে ভর্তি পরীক্ষার নির্দিষ্ট ফি কেটে নিয়ে একটি এসএমএস এর মাধ্যমে ভর্তি পরীক্ষার রোল নম্বর জানিয়ে দেয়া হবে।

(চ) কোটায় আবেদনকারীদের উপরের নিয়মের সাথে ইউনিট কোডের বারে স্পেস দিয়ে মুক্তিযোদ্ধা কোটার জন্য FFQ, প্রতিবন্ধী কোটার জন্য DQ এবং উপজাতি কোটার জন্য TQ কোড লিখে 16222 নম্বরে SMS পাঠাতে হবে। উদাহরণঃ BSMRSTU DHA 123456 2014 DHA 123456 2012 A FFQ। উদাহরণটি ঢাকা বোর্ডের এবং BSMRSTU, A ইউনিটের মুক্তিযোদ্ধা কোটার জন্য।

(ছ) ওয়েবসাইট থেকে নমুনা প্রবেশপত্র ডাউনলোড করে যথাযথভাবে পূরণ করতে হবে এবং নির্ধারিত স্থানে পাসপোর্ট সাইজ ছবি আঠা দিয়ে লাগাতে হবে। এটা ভর্তি পরীক্ষার প্রবেশপত্র হিসেবে বিবেচিত হবে। এই প্রবেশপত্র ভর্তি পরীক্ষার সময় এবং ভর্তির সময় সঙ্গে আনতে হবে।

**প্রফেসর এম জাকির হোসেন**
রেজিস্ট্রার
বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়
গোপালগঞ্জ

জিডি-৩১৯৯

---

# Khulna Shipyard Limited

Bangladesh Navy, Khulna

BABE (F)-221/2014-2015 — 19 August 2014

## International Re-Tender Notice

| | | |
|---|---|---|
| 01. | Procuring entity name | Khulna Shipyard Limited. |
| 02. | Invitation for | Anchor Windlass. |
| 03. | Invitation reference No. | BABE (F)-221/2014-2015, dated 19 August 2014. |
| 04. | Procuring method | Open tender. |
| 05. | Budget & source of funds | Own finance. |
| 06. | Tender last selling date | 03 September 2014. |
| 07. | Tender closing date and time | 04 September 2014 Time: 1115am. |
| 08. | Tender opening date & time | 04 September 2014 Time: 1130am. |
| 09. | Name & address of the office(s) for selling, receiving and opening of tender documents:<br>a. Selling tender document | (1) Cash Section, Accounts Department, Khulna Shipyard Ltd., Bangladesh Navy, Khulna.<br>(2) Naval Store Sub Depot, Khilkhat Nama Para, Khilkhat, Dhaka. |
| | b. Receiving tender document | Khulna Shipyard Ltd., Khulna. |
| | c. Opening tender document | (1) Khulna Shipyard Ltd., Khulna.<br>(2) Tenderers' and their authorized representatives are allowed to attend. |
| 10. | Price of tender document | Tk 500.00 (five hundred) non-refundable. |
| 11. | Contact details of official | Tel: 041-813975/720003, Fax: 880-41-720404, E-mail: contact@khulnashipyard.com |
| 12. | Special instructions | The procuring entity reserves the right to reject all or any tenders prior to acceptance without showing any reason. |

GD-3197 — **DGM (Commercial and Purchase)**

---

# বাংলা একাডেমি

৩ কাজী নজরুল ইসলাম এভিনিউ, রমনা, ঢাকা ১০০০

বিজ্ঞপ্তি

## বার্ষিক সাধারণ সভা ২০১৪

বাংলা একাডেমির সম্মাননীয় ফেলো, জীবনসদস্য ও সাধারণসদস্যদের জানানো যাচ্ছে যে, বাংলা একাডেমির ৩৭তম বার্ষিক সাধারণ সভা আগামী ১২ই পৌষ ১৪২১/২৬শে ডিসেম্বর ২০১৪ তারিখ শুক্রবার।

উল্লেখ যে, যেসকল সদস্য ২০১৩-২০১৪ এবং ২০১৪-২০১৫ অর্থবছরের চাঁদা পরিশোধ করেননি তাঁদেরকে ৩০শে সেপ্টেম্বর ২০১৪ তারিখের মধ্যে (অফিস সময়ে) পরিশোধ করার জন্য অনুরোধ করা যাচ্ছে। ৩০শে সেপ্টেম্বরের পর কোনো চাঁদা গ্রহণ করা হবে না।

বার্ষিক সাধারণ সভায় উত্থাপনের জন্য অনধিক দুটি প্রস্তাব আগামী ১৫ই কার্তিক ১৪২১/৩০শে অক্টোবর ২০১৪-এর মধ্যে বাংলা একাডেমির সচিব বরাবর প্রেরণের জন্য অনুরোধ করা হচ্ছে। প্রস্তাব সুনির্দিষ্ট এবং সংক্ষিপ্ত হতে হবে।

**ইতোমধ্যে যাঁদের ঠিকানা পরিবর্তিত হয়েছে তাঁদের নতুন ঠিকানা, সেল, অফিস/আবাসিক ফোন নম্বর লিখিতভাবে জানানোর জন্য অনুরোধ করা হচ্ছে।**

সচিব
বাংলা একাডেমি, ঢাকা

GD-3206

---

# ঢাকা পানি সরবরাহ ও পয়ঃনিষ্কাশন কর্তৃপক্ষ

ওয়াসা

ব্যবস্থাপনা পরিচালকের কার্যালয়
প্রশাসন বিভাগ-২
'ওয়াসা ভবন'
৯৮, কাজী নজরুল ইসলাম এভিনিউ, কারওয়ান বাজার, ঢাকা

## ঠিকাদারি লাইসেন্স তালিকাভুক্তি ও নবায়নকরণ বিজ্ঞপ্তি

"এতদ্বারা ঢাকা ওয়াসার সকল শ্রেণীর সিভিল ও মেকানিক্যাল এন্ড ইলেকট্রিক্যাল গ্রুপের ঠিকাদারি প্রতিষ্ঠানের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ২০১৪-২০১৫ অর্থ বছরের জন্য ঠিকাদারি লাইসেন্স নবায়ন ও শ্রেণী উন্নীতকরণ এবং আগ্রহী প্রতিষ্ঠানের কাছ থেকে নতুন তালিকাভুক্তির নিমিত্তে দরখাস্ত আহ্বান করা হচ্ছে। ঢাকা ওয়াসার প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তার দপ্তর (৫ম তলা, ওয়াসা ভবন, কারওয়ান বাজার, ঢাকা) থেকে নির্ধারিত ১,০০০/- (এক হাজার) টাকা পরিশোধ করে (অফেরতযোগ্য) দরখাস্ত/ফর্ম পাওয়া যাবে। নতুন তালিকাভুক্তি, শ্রেণী উন্নীতকরণ এবং নবায়নের জন্য আগামী ১৫/০৯/২০১৪ তারিখের মধ্যে নির্ধারিত দরখাস্ত/ফর্ম যথাযথভাবে পূরণ করে উপ-সচিব, প্রশাসন বিভাগ-২ বরাবরে দাখিল করতে অনুরোধ করা যাচ্ছে। দরখাস্তের সাথে ঢাকা ওয়াসার লাইসেন্স বই এর ফটোকপি (নবায়নের ক্ষেত্রে), ২০১৩-১৪ অর্থ বছরের ঢাকা সিটি করপোরেশন ও নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন কর্তৃক প্রদত্ত ট্রেড লাইসেন্স, টি আই এন সার্টিফিকেটসহ ২০১৩-১৪ অর্থ বছরের আয়কর পরিশোধ সংক্রান্ত প্রত্যয়নপত্র, ভ্যাট রেজিস্ট্রেশন, ফার্মের ব্যাংক একাউন্টের বিপরীতে ব্যাংক সার্টিফিকেট ও জাতীয় পরিচয়পত্রের সত্যায়িত ফটোকপি অবশ্যই থাকতে হবে। নবায়ন ফি ও মূল্য সংযোজন কর আইন-১৯৯১ এর বিধি ১১ (ঙ) এবং জাতীয় রাজস্ব বোর্ডের পত্র নং-৬(৬) মূসক নীঃ ও রা/২০১০/২৫৭, তারিখঃ ২৭/০৭/২০১০ইং এর অনুচ্ছেদ নং-৪(ঙ) অনুযায়ী **নবায়ন ফি এর নির্ধারিত টাকার উপর ১৫% হারে ভ্যাট ট্রেজারি চালানের মাধ্যমে বাংলাদেশ ব্যাংক/সোনালী ব্যাংক, ঢাকা এর যে কোন শাখায় পরিশোধপূর্বক চালানের মূলকপি আবেদন ফর্ম এর সাথে অত্র দপ্তরে জমা দেয়ার জন্য অনুরোধ করা হলো**। নির্ধারিত তারিখের পর ধার্যকৃত বিলম্ব ফি দিয়ে সর্বশেষ ৩১/১২/২০১৪ তারিখ পর্যন্ত নবায়ন করা যাবে। উক্ত সময়সীমা অতিক্রম করার পর ২০১৩-২০১৪ অর্থ বছরের জন্য আর কোন ঠিকাদারি লাইসেন্স তালিকাভুক্তি ও নবায়ন করা হবে না। এ বিষয়ে কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে।"

**আজফার উজ-জামান খান সোহরাব**
উপ-সচিব
প্রশাসন বিভাগ-২, ঢাকা ওয়াসা
ও
সদস্য-সচিব, এনলিস্টমেন্ট কমিটি

জিডি-৩২০৫

---

# বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান কৃষি বিশ্ববিদ্যালয়

সালনা, গাজীপুর-১৭০৬
ফোনঃ ০২-৯২০৫৩১০-১৪, টেলি/ফ্যাক্সঃ ০২-৯২০৫৩৩৩

স্মারক নং-বশেমুরকৃবি/ডীন (এজি-২৪.১)/২০১৪/৩০৪৫ — তারিখ ঃ ১৯/০৮/২০১৪খ্রিঃ

## বিএস (এগ্রিকালচার), বিএস (ফিশারিজ), বিএস (কৃষি অর্থনীতি) এবং ডিভিএম প্রোগ্রামে ছাত্র-ছাত্রী ভর্তি বিজ্ঞপ্তি

বাংলাদেশের ১৩তম সরকারি বিশ্ববিদ্যালয় হিসাবে প্রতিষ্ঠিত বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান কৃষি বিশ্ববিদ্যালয়ের কৃষি, ফিশারিজ, ভেটেরিনারি মেডিসিন অ্যান্ড অ্যানিম্যাল সায়েন্স ও কৃষি অর্থনীতি এবং গ্রামীণ উন্নয়ন অনুষদে সামার ২০১৫ টার্মে কোর্স ক্রেডিট পদ্ধতিতে ৪ (চার) বছর মেয়াদী বিএস (এগ্রিকালচার), বিএস (ফিশারিজ), বিএস (কৃষি অর্থনীতি) এবং ৫ (পাঁচ) বছর মেয়াদী ডিভিএম প্রোগ্রামে ভর্তিচ্ছুক ছাত্র-ছাত্রীদের নিকট হতে ভর্তি পরীক্ষায় অংশগ্রহণের জন্য টেলিটক মোবাইল ফোনে SMS এর মাধ্যমে আবেদন আহবান করা যাচ্ছে।

ভর্তির জন্য আবেদনের ন্যূনতম যোগ্যতা ঃ

১। প্রার্থীকে অবশ্যই বাংলাদেশের নাগরিক হতে হবে।

২। বিজ্ঞান গ্রুপে ২০১১ বা ২০১২ সালে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট (SSC) অথবা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ হতে হবে।

৩। ২০১৩ বা ২০১৪ সালে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট (HSC) অথবা সমমানের পরীক্ষায় পদার্থবিদ্যা, রসায়ন, গণিত, জীববিজ্ঞান এবং ইংরেজি বিষয়ে প্রতিটিতে কমপক্ষে "B" গ্রেড থাকতে হবে।

৪। মাধ্যমিক স্কুল সার্টিফিকেট (SSC) অথবা সমমানের এবং উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট (HSC) বা সমমানের পরীক্ষায় কমপক্ষে ৩.৫০ (তিন দশমিক পাঁচ শূন্য) জিপিএসহ উভয় পরীক্ষার জিপিএ'র যোগফল ৭.৫০ (সাত দশমিক পাঁচ শূন্য) থাকতে হবে।

৫। "O" লেভেল এবং "A" লেভেল পাস প্রার্থীদের ক্ষেত্রে "O" লেভেল পরীক্ষার চারটি পেপারে প্রতিটিতে কমপক্ষে "B" গ্রেড থাকতে হবে এবং "A" লেভেল পরীক্ষায় পদার্থবিজ্ঞান, রসায়ন, গণিত, জীববিজ্ঞান ও ইংরেজি প্রতিটিতে কমপক্ষে " B" গ্রেড থাকতে হবে।

**ভর্তির জন্য আবেদনের নিয়মাবলী ঃ**

একটি টেলিটক প্রিপেইড মোবাইল ফোনের মেসেজ অপশনে গিয়ে BSMRAU লিখে, স্পেস দিয়ে HSC শিক্ষা বোর্ডের নামের প্রথম তিনটি অক্ষর লিখে, স্পেস দিয়ে HSC পরীক্ষার রোল নম্বর লিখে, স্পেস দিয়ে HSC পাসের সাল লিখে, স্পেস দিয়ে SSC শিক্ষা বোর্ডের নামের প্রথম তিনটি অক্ষর লিখে, স্পেস দিয়ে SSC পরীক্ষার রোল নম্বর লিখে, স্পেস দিয়ে SSC পাসের সাল লিখে স্পেস দিয়ে, কাঙ্ক্ষিত অনুষদসমুহের পছন্দক্রম লিখে 16222 নম্বরে SMS করতে হবে।

**উদাহরণঃ** BSMRAU DHA 123456 2014 DHA 456789 2012 1234 । উদাহরণটি ঢাকা শিক্ষা বোর্ড থেকে পাসকৃত ছাত্র-ছাত্রীর বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান কৃষি বিশ্ববিদ্যালয়ে ভর্তির জন্য কৃষি অনুষদ (1) ১ম পছন্দ, ফিশারিজ অনুষদ (2) ২য় পছন্দ, ভেটেরিনারি মেডিসিন অ্যান্ড অ্যানিম্যাল সায়েন্স অনুষদ (3) ৩য় পছন্দ, এবং কৃষি অর্থনীতি ও গ্রামীণ উন্নয়ন অনুষদ (4) ৪র্থ পছন্দের জন্য। এখানে 123456 এর জায়গায় আবেদনকারীর নিজের HSC পরীক্ষার রোল নম্বর এবং 456789 এর জায়গায় SSC পরীক্ষার রোল নম্বর দিতে হবে।

কেউ ২০১৩ সালে HSC এবং ২০১১ সালে SSC পাস করে থাকলে ২০১৪ এর জায়গায় ২০১৩ এবং ২০১২ এর জায়গায় ২০১১ লিখতে হবে। ঢাকা বোর্ড থেকে পাস করলে DHA, অন্যান্য বোর্ড হতে **যেমন:**- সিলেট, বরিশাল, চট্টগ্রাম, কুমিল্লা, দিনাজপুর, যশোর ও রাজশাহী বোর্ডের ক্ষেত্রে DHA এর জায়গায় যথাক্রমে SYL, BAR, CHI, COM, DIN, JES ও RAJ লিখতে হবে। কৃষি অনুষদ ১ম পছন্দের জন্য 1, ফিশারিজ অনুষদ ২য় পছন্দের জন্য 2, ভেটেরিনারি মেডিসিন অ্যান্ড অ্যানিম্যাল সায়েন্স অনুষদ ৩য় পছন্দের জন্য 3 এবং কৃষি অর্থনীতি ও গ্রামীণ উন্নয়ন অনুষদ ৪র্থ পছন্দের জন্য 4 লিখতে হবে।

(খ) উপরের SMS টি পাঠানোর পর সকল তথ্য সঠিক হলে ফিরতি SMS এ আবেদনকারীর নাম, ভর্তি পরীক্ষার ফি ও একটি PIN জানিয়ে প্রার্থীর সম্মতি চাওয়া হবে। তখন প্রার্থীকে 16222 নম্বরে আর একটি SMS পাঠিয়ে সম্মতি জানাতে হবে। সম্মতি জানানোর জন্য প্রথমে BSMRAU লিখে, স্পেস দিয়ে YES লিখে, স্পেস দিয়ে PIN লিখে, স্পেস দিয়ে আবেদনকারীর সাথে যোগাযোগের জন্য নিজের ব্যবহৃত (যে কোন অপারেটর এর) একটি মোবাইল নম্বর লিখে 16222 নম্বরে SMS করতে হবে।

**উদাহরণঃ** BSMRAU YES 654321 01XXXXXXXXX। এখানে 654321 এর জায়গায় আবেদনকারীর নিজ PIN টি বসাতে হবে। উল্লেখ্য যে, সম্মতি জানিয়ে SMS পাঠালেই কেবল আবেদনকারীর টেলিটক মোবাইল ফোন থেকে ভর্তি পরীক্ষার ফি বাবদ ৫০০/- (পাঁচশত) টাকা কেটে নেওয়া হবে। অন্যথায় কোন ফি কাটা হবে না।

(গ) সম্মতি জানানোর সময় সংশ্লিষ্ট টেলিটক মোবাইলে কমপক্ষে ৫০০/- (পাঁচশত) টাকা ব্যালেন্স থাকতে হবে। যা থেকে ভর্তি পরীক্ষার ফি বাবদ ৫০০/- (পাঁচশত) টাকা কেটে নিয়ে SMS এর মাধ্যমে সাথে সাথেই ভর্তি পরীক্ষার রোল নম্বর জানিয়ে দেয়া হবে। ভর্তি পরীক্ষার সময় সদ্য তোলা ০২ (দুই) কপি সত্যায়িত পাসপোর্ট সাইজের রঙিন ছবির পিছনে SMS এর মাধ্যমে প্রাপ্ত রোল নম্বরটি লিখে নিয়ে আসতে হবে।

(ঘ) `O' এবং `A' লেভেলের ক্ষেত্রে আবেদনকারীকে উপরের নিয়ম অনুযায়ী ১৬২২২ নম্বরে SMS করতে হবে। এক্ষেত্রে বোর্ডের নামের জায়গায় GCE লিখতে হবে। **উদাহরণঃ** BSMRAU GCE 123456 2014 1234 । এখানে ১২৩৪৫৬ এর জায়গায় আবেদনকারীর নিজ নিজ Candidate নম্বরটি বসাতে হবে।

**কোটায় ছাত্র-ছাত্রী ভর্তি সম্পর্কিত ঃ**

কোটায় আবেদন করতে উপরের নিয়ম অনুযায়ী 16222 নম্বরে SMS করতে হবে। মুক্তিযোদ্ধার সন্তান, মুক্তিযোদ্ধার সন্তানের সন্তান কোটায় এবং উপজাতি ও আদিবাসী কোটায় আবেদনের ক্ষেত্রে বাড়তি একটি স্পেস দিয়ে যথাক্রমে F বা T লিখতে হবে। **উদাহরণঃ** BSMRAU DHA 123456 2014 DHA 456789 2012 1234F. উদাহরণটি ঢাকা বোর্ড থেকে পাসকৃত ছাত্র-ছাত্রীর কৃষি অনুষদ ১ম পছন্দক্রমসহ মুক্তিযোদ্ধার সন্তান/ মুক্তিযোদ্ধার সন্তানের সন্তান কোটায় ভর্তির জন্য প্রযোজ্য হবে। কোটায় আবেদনকারী না হলে F বা T লেখার প্রয়োজন নাই।

**ভর্তির জন্য নির্বাচনী পরীক্ষা ঃ**

০১। নিম্নোক্ত বিষয়সমূহে ১০০ নম্বরের ১ (এক) ঘন্টার MCQ পদ্ধতিতে লিখিত পরীক্ষা অনুষ্ঠিত হবে।

| ক্রমিক নং | বিষয়ের নাম | মোট নম্বর |
|---|---|---|
| ১. | জীববিজ্ঞান | ২০ |
| ২. | রসায়ন | ২০ |
| ৩. | পদার্থ বিজ্ঞান | ২০ |
| ৪. | গণিত | ১৫ |
| ৫. | ইংরেজি | ১৫ |
| ৬. | সাধারণ জ্ঞান | ১০ |
| | মোট= | ১০০ |

০২। লিখিত পরীক্ষা আগামী ০৯/১১/২০১৪ খ্রীস্টাব্দ সকাল ১১-০০ টায় বিশ্ববিদ্যালয়ের ক্যাম্পাসে অনুষ্ঠিত হবে। বর্ণিত সময়সূচির কোন পরিবর্তন হলে তা যথাসময়ে SMS এর মাধ্যমে জানানো হবে।

**গুরুত্বপূর্ণ তথ্যাবলী**

| | |
|---|---|
| SMS এর মাধ্যমে আবেদন গ্রহণ শুরুর তারিখ | **২৫/০৮/২০১৪,** রোজ সোমবার |
| SMS এর মাধ্যমে আবেদন গ্রহণের শেষ তারিখ ও সময় | ২৭/১০/২০১৪, রোজ সোমবার, রাত ১২:০০ পর্যন্ত |
| ভর্তি পরীক্ষা গ্রহণের তারিখ ও সময় | ০৯/১১/২০১৪, রোজ রবিবার, সকাল ১১ঃ০০টা হতে দুপুর ১২ঃ০০ টা |
| ভর্তি পরীক্ষার ফলাফল প্রকাশ | ০৯/১১/২০১৪, রোজ রবিবার, সন্ধ্যা ৬:০০ টা |
| মেধা তালিকা হতে ভর্তি | ১২/০১/২০১৫, রোজ সোমবার, সকাল ১০ঃ ০০ টা হতে বিকেল ০৫ঃ০০ টা |
| অনুষদ মাইগ্রেশনের আবেদনপত্র গ্রহণ | ১২/০১/২০১৫, রোজ সোমবার, সকাল ১০ঃ ০০ টা হতে বিকেল ০৫ঃ০০ টা |
| অনুষদ মাইগ্রেশনের ফলাফল প্রকাশ | ১৯/০১/২০১৫, রোজ সোমবার, বিকাল ০৫ঃ০০ টা |
| অপেক্ষমান তালিকা থেকে ভর্তি (আসন শূন্য থাকা সাপেক্ষে) | ২৬/০১/২০১৫, রোজ সোমবার, সকাল ১০ঃ০০ টা হতে বিকেল ৫ঃ০০ টা। তবে ঐ দিন বেলা ১২:৩০ ঘটিকার মধ্যে ভর্তি ইচ্ছুক ছাত্র-ছাত্রীকে বিশ্ববিদ্যালয়ে উপস্থিত হয়ে অবশ্যই রিপোর্ট করতে হবে। উক্ত সময়ের মধ্যে রিপোর্ট করতে ব্যর্থ হলে ধরে নেয়া হবে প্রার্থী ভর্তি হতে ইচ্ছুক নয়। |

**ভর্তির সময় নিম্নোক্ত কাগজ জমা দিতে হবে ঃ**

১। শিক্ষাবোর্ড হতে প্রাপ্ত SSC ও HSC বা সমমানের পরীক্ষার মূল গ্রেডসীট ও উহার সত্যায়িত অনুলিপি।
২। উচ্চ মাধ্যমিক শিক্ষা প্রতিষ্ঠানের প্রধান কর্তৃক প্রদত্ত প্রশংসাপত্রের সত্যায়িত অনুলিপি।
৩। সদ্যতোলা পাসপোর্ট সাইজের তিন কপি সত্যায়িত রঙিন ছবি।
৪। মুক্তিযোদ্ধার সন্তান কোটার ক্ষেত্রে মুক্তিযোদ্ধা বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক ইস্যুকৃত সনদপত্র এবং উপজাতি/আদিবাসী কোটার ক্ষেত্রে স্ব-স্ব আদিবাসী প্রধান/জেলা প্রশাসক এর সনদপত্রের মূলকপি ও সত্যায়িত অনুলিপি।
৫। মুক্তিযোদ্ধার সন্তানের সন্তান কোটায় ভর্তির ক্ষেত্রে উপযুক্ত কর্তৃপক্ষের প্রমাণপত্র ।

**লক্ষণীয় বিষয় ঃ**

(১) একটি টেলিটক মোবাইল ফোনের মাধ্যমে একাধিক প্রার্থী আবেদন করতে পারবে, তবে আবেদনের দ্বিতীয় ধাপে সম্মতি জানানোর সময় যোগাযোগের জন্য আবেদনকারীর নিজের ব্যবহৃত (যে কোন অপারেটর এর) একটি মোবাইল ফোন নম্বর দিতে হবে।
(২) দিনের বা রাতের যে কোন সময় এমনকি বন্ধের দিনেও আবেদন করা যাবে।
(৩) একবার SMS করে আবেদন করলে তা প্রত্যাহার করা যাবে না।
(৪) এসএসসি ও এইচএসসি পরীক্ষার মোট GPA এর ভিত্তিতে আসন সংখ্যার সর্বোচ্চ ১৫ (পনের) গুণ আবেদনকারীকে ভর্তি পরীক্ষায় অংশগ্রহণের সুযোগ প্রদান করা হবে।
(৫) ভর্তি পরীক্ষার দিন অবশ্যই সদ্য তোলা ০২ (দুই) কপি রঙিন ছবির পিছনে নিজ নাম ও ভর্তি পরীক্ষার রোল নম্বর লিখে এবং HSC পরীক্ষার মূল রেজিস্ট্রেশন কার্ড সঙ্গে নিয়ে আসতে হবে।
(৬) নির্ধারিত তারিখ ও সময়ের পর ভর্তির কোন আবেদন গ্রহণ করা হবে না।
(৭) মুক্তিযোদ্ধাদের পুত্র-কন্যা এবং পুত্র-কন্যাদের পুত্র-কন্যা, উপজাতি বা আদিবাসী কোটায় ভর্তির জন্য বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান কৃষি বিশ্ববিদ্যালয়ের বিধি মোতাবেক আসন সংখ্যা সংরক্ষিত থাকবে।
(৮) ভর্তি সংক্রান্ত ব্যাপারে প্রার্থীকে কোন প্রকার যাতায়াত ভাতা দেয়া হবে না।
(৯) ভর্তি সংক্রান্ত নিয়মাবলীর যে কোন ধারা, উপধারার পরিবর্তন, সংশোধন, সংযোজন ও পুনঃ সংযোজনের অধিকার কর্তৃপক্ষ সংরক্ষণ করে।
(১০) কর্তৃপক্ষ কর্তৃক অবগত হওয়া মাত্রই ভর্তি সংক্রান্ত বিষয়ে ভুল তথ্য অথবা মিথ্যা তথ্য সরবরাহকারীর ভর্তি বাতিল হয়ে যাবে।
(১১) ভর্তি সংক্রান্ত যে কোন তথ্য বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট (www.bsmrau.edu.bd) এবং ০১৫৫২-৩২৫৩০৫ নম্বর মোবাইল ফোন হতে পাওয়া যাবে।

**প্রফেসর ড. মোঃ আব্দুল করিম**
ডীন, কৃষি অনুষদ
ও
সদস্য- সচিব
ভর্তি কমিটি, বশেমুরকৃবি
ফোনঃ ৯২০৫৩৩৪

জিডি-৩২০১